দৈনিক ইত্তেফাক

তারিখ 26 NOV 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে সব ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে সব ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড.এ এইচ এম মোস্তাফিজুর রহমান-এর অনুমোদনক্রমে সব ইউনিটের পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jkkniu.edu.bd-তে ইতোমধ্যেই প্রকাশিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরের উপ-পরিচালক (জনসংযোগ কর্মকর্তা) এস,এম হাফিজুর রহমান গতকাল শনিবার এ তথ্য নিশ্চিত করেছেন।